বিসমিল্লাহির রাহমানির রাহীম

Gajim এ OpenPGP ব্যবহার

Gajim এ আমরা সাধারণত ৩ টি এনক্রিপশন সিস্টেম দেখতে পাই।

1. **OMEMO** যা আমরা সকল ভাই সাধারণত ব্যবহার করে থাকি। এবং এটির ব্যবহার অনেক সহজ।
2. **PGP** - এই এনক্রিপশন সিস্টেমটি বেশ এডভান্সড লেভেলের। সকলের জন্য বুঝা সহজ হয়না। তাই এবিষয়টি পরবর্তী কোন আইটি আপডেটে দেখানোর চেষ্টা করবো ইনশাআল্লাহ!
3. **OpenPGP** - আজকে আমাদের আলোচ্য বিষয় এই আধুনিক এনক্রিপশন সিস্টেমটি নিয়েই।

OpenPGP - এই সিস্টেমটি মূলত PGP এর আধুনিক রূপ। অনেকক্ষেত্রে OMEMO এর বিকল্প হিসেবে এটিকে আমরা ব্যবহার করতে পারি। সকল প্ল্যাটফর্মে (বিশেষত Android) এই এনক্রিপশন সার্ভিসটি এভেইলেবল না থাকা ও কিছু প্ল্যাটফর্মে (বিশেষত উইন্ডোজে) এর ব্যবহার সহজ না হওয়ায় আমরা সকলের জন্য OpenPGP কে সাজেস্ট না করলেও যাদের পক্ষে সম্ভব তাদের জন্য আমরা এর ব্যবহারকে পছন্দনীয় মনে করি।

উল্লেখ্য যে, Android এর Conversations এ OMEMO এর পাশাপাশি OpenPGP নামে একটি এনক্রিপশন অপশন রয়েছে। এই অপশনটি আমাদের আলোচিত OpenPGP নয়। বরং তা হলো Gajim এ থাকা PGP এর Android ভার্সন।

বিঃ দ্রঃ আপনি Conversations এর OpenPGP ব্যবহার করে Gajim এর PGP তে মেসেজ দিতে পারবেন। যেহেতু এই দুটোই একই সিস্টেম। কিন্তু Gajim এর OpenPGP ভিন্ন হওয়ায় এটাতে মেসেজ দেয়া সম্ভব নয়।

OpenPGP ব্যবহারে যা প্রয়োজনঃ

1. এক্ষেত্রে (বর্তমান উইন্ডোজ ভার্সনে বাগ থাকায়) আপনাকে একজন লিনাক্স ইউজার হতে হবে।
2. Gajim AppImage হতে হবে।

ব্যবহার পদ্ধতিঃ

১। উপরের কাজগুলো করা থাকলে আপনি আপনার AppImage এর Plugins এ যান। এবং সেখানে OpenPGP অপশনটি তে টিক দেয়া না থাকলে টিক দিয়ে এনাবল করে দিন।

- এরপর আপনার Gajim AppImage কে একবার রিস্টার্ট দিন।

২। এবার যে আইডির সাথে আপনি OpenPGP ব্যবহার করে চ্যাট করতে চাচ্ছেন, সে আইডির চ্যাট বক্সে যান। এবং Encryption বাটনে ক্লিক করে OpenPGP কে সিলেক্ট করুন।

৩। এবার নীচের স্ক্রিন আসলে Next এ ক্লিক করুন। Next এরপর আবারো Next আসলে Next করে OpenPGP সেটআপ করে নিন।

৪। সেটআপ সঠিকভাবে সম্পন্ন (Setup successful) হলে উইন্ডোটি Close করে দিন।

৫। এবার চ্যাট বক্সে এসে দেখুন, আপনার Encryption হিসেবে **OpenPGP** সিলেক্ট হয়েছে। এবার আপনি মেসেজ দেয়ার চেষ্টা করুন।

বিঃ দ্রঃ উল্লেখ্য যে, OpenPGP তে মেসেজ আদানপ্রদানের জন্য উভয়দিকের আইডিতেই উপরোক্ত নিয়মে OpenPGP সেটআপ করে নিতে হবে। অন্যথায় মেসেজ আদানপ্রদান সম্ভবপর হবেনা।

-- আলহামদুলিল্লাহ। উভয় পাশের আইডিতে উপরোক্ত নিয়মে OpenPGP সেটআপ থাকায় আমরা খুব সহজে OpenPGP দিয়ে মেসেজ পাঠাতে পারলাম।

৭। কেউ একটি আইডিতে একাধিক ডিভাইস থেকে একাধিকবার OpenPGP সেটআপ করলে একাধিক Key তৈরী হবার দরুণ মেসেজিং সমস্যা করতে পারে। সেক্ষেত্রে Encryption বাটনের পাশের বাটনে ক্লিক করুন।

৮। এবার লিস্ট থেকে আপনার নির্দিষ্ট Key টি রেখে বাকিগুলো ডিলিট করে দিন। ও কাঙ্খিত Key টি Verify করে দিন। এবং প্রয়োজনে Gajim কে একবার রিস্টার্ট দিন।

এখন থেকে OpenPGP এনক্রিপশন ব্যবহার করে মেসেজিং করতে সক্ষম হবেন ইনশাআল্লাহ!

তবে যারা Whonix Workstation কে ভেরাক্রিপ্ট কন্টেইনারে রেখে এর মধ্যে Gajim AppImage এর পরিবর্তে সরাসরি Gajim কে ইন্সটল দিয়ে ব্যবহার করেন, তারা Gajim এর সাথে বায় ডিফল্ট OpenPGP প্লাগিন পাবেন না।

এক্ষেত্রে আপনাদেরকে প্রথমে OpenPGP প্লাগিন ইন্সটল করে নিতে হবে। এজন্য আপনার Workstation এর টার্মিনাল ওপেন করুন। সর্টকার্টে- Ctrl+Alt+T চাপুন। এরপর নীচের কমান্ডটি রান করুন।

sudo apt install gajim-openpgp -y

এরপর Gajim কে রিস্টার্ট দেন। এবং উপরোক্ত নিয়মে OpenPGP সেটআপ করে নিন।

আপনাদের নেক দোয়ায় শামিল রাখার আবেদন!